

স্মারক নং: ইউজিসি/হেকেপ/বিডিরেন/বৈদেশিক-স্থানীয় প্রশিক্ষণ/২০১৩ (পার্ট-১)/১৪১ তারিখ: ০৬/০৩/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ ভার্চুয়াল ক্লাসরুম সাপোর্ট বিষয়ে বিডিরেন বৈদেশিক ফেলোশিপের নিমিত্ত বিশ্ববিদ্যালয়ের বিডিরেন টেকনিক্যাল কন্ট্রোল প্যারসনগণের নিকট থেকে আবেদন আহ্বান।

সদয় অবগতির জন্য উল্লেখ করছি যে, বিডিরেন নেটওয়ার্কের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকল্পে ব্যবহারকারী প্রাপ্তে বিশ্ববিদ্যালয়গুলোতে স্থাপিত বিডিরেন এর ভার্চুয়াল ক্লাসরুম কার্যকরভাবে ব্যবহারে অনুষদ সদস্যগণের উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। বিষয়টি বিবেচনা করে "উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প" থেকে বিডিরেন-এর প্রকৌশলীদের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের জনবলকেও প্রশিক্ষণ প্রদানের প্রচেষ্টা রয়েছে।

এরই অংশ হিসেবে যে সকল প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে বিডিরেন এর ভার্চুয়াল ক্লাসরুম স্থাপিত হয়েছে, সে সকল বিশ্ববিদ্যালয়ের বিডিরেন টেকনিক্যাল কন্ট্রোল প্যারসনদের (যারা অনুষদ সদস্য এবং বিডিরেন বাস্তবায়নে বিশ্ববিদ্যালয় প্রাপ্তে যথেষ্ট সহযোগিতা করেছেন) মধ্য থেকে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে নির্বাচিত ৩ জনকে "Virtual Class Room Support and Management Visit for BdREN and University Team" শীর্ষক ৭ দিনের একটি প্রশিক্ষণ কর্মসূচিতে যুক্তরাষ্ট্রের কেন্ট স্টেট ইউনিভার্সিটিতে প্রেরণ করা হবে। উক্ত প্রশিক্ষণ কর্মসূচি সংক্রান্ত সাধারণ তথ্যাবলি নিম্নরূপঃ

ক) আবেদনের যোগ্যতাঃ

• ৩০টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের (যেখানে বিডিরেন এর ভার্চুয়াল ক্লাসরুম স্থাপিত হয়েছে) বিডিরেন টেকনিক্যাল কন্ট্রোল প্যারসন (মূল/বিকল্প), যিনি একজন অনুষদ সদস্য।

• বিডিরেন টেকনিক্যাল কন্ট্রোল প্যারসন (মূল/বিকল্প) হিসেবে বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল মনোনয়ন।

খ) বিডিরেন ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে।

গ) আবেদন গ্রহণ শুরু তারিখঃ ১৫/০৩/২০১৬ খ্রিঃ এবং আবেদন গ্রহণের শেষ তারিখঃ ২৭/০৩/২০১৬ খ্রিঃ।

ঘ) ইউজিসি কর্তৃক গঠিত একটি সিলেকশন কমিটি প্রার্থী বাছাইয়ের দায়িত্ব পালন করবে।

ঙ) আবেদনে প্রদত্ত তথ্যের আলোকে প্রস্তুতকৃত সংক্ষিপ্ত তালিকাভুক্তদের আলোচনার জন্য ডাকা হবে।

চ) বিস্তারিত তথ্যের জন্য Call for Application: BdREN Overseas Fellowship ডকুমেন্ট দেখা যেতে পারে অথবা বিডিরেন এর ওয়েবসাইট www.bdren.net.bd/internship ভিজিট করা যেতে পারে।

বিডিরেন বৈদেশিক ফেলোশিপ এর বিষয়টি আপনার বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্টদের অবগত করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ জানাচ্ছি। বিস্তারিত তথ্য সম্বলিত Call for Application: BdREN Overseas Fellowship ডকুমেন্টটি এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১০.০৬.২০১৬
(ড. গৌরঙ্গ চন্দ্র মোহান্ত এনভিসি)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৮১৮৯০২০

উপাচার্য
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা।

SRO
26/3/16
Registrar
DR/-1

14/3/16

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-৪/রে- ৫৭৭৩ (৪০)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :-

১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।

২। প্রধান, সকল বিভাগ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।

তারিখঃ ১২/৩/১৬